# বিএনপি নেতার বাড়িতে গুলিবর্ষণের ঘটনায় অস্ত্রসহ ছাত্রদল নেতা গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

রাজধানীর ডেমরায় বিএনপি নেতার বাড়িতে গুলিবর্ষণের ঘটনায় দায়ের করা মামলায় ডেমরা থানা ছাত্রদলের আহ্বায়ক মো. মাসুদ রানা (৩৫) এবং তার সহযোগী তাপসকে (৩৮) গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশের দাবি, তাপস একজন মাদক কারবারি এবং ডেমরা থানার একটি হত্যা মামলার পলাতক আসামি।

গ্রেপ্তারের পর দুই আসামির দেওয়া তথ্যের ভিত্তিতে তিনটি আগ্নেয়াস্ত্র, দুটি ম্যাগাজিন এবং মোট ১৩ রাউন্ড গুলি ও কার্তুজ উদ্ধার করা হয়েছে।

পুলিশ জানায়, গত ২৮ আগস্ট ভোরে ডেমরার সারুলিয়া এলাকায় ডেমরা থানা বিএনপির আহ্বায়ক এস এম রেজা চৌধুরী সেলিমের বাড়ি লক্ষ্য করে গুলিবর্ষণের ঘটনা ঘটে। চারটি মোটরসাইকেলে করে আসা দুর্বৃত্তরা বাড়িটি লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছুড়ে পালিয়ে যায়। এতে বাড়ির দ্বিতীয় তলার একটি জানালার কাচ ভেঙে যায়।

ঘটনার পর এস এম রেজা চৌধুরী সেলিম বাদী হয়ে ডেমরা থানায় অজ্ঞাত আসামিদের বিরুদ্ধে মামলা করেন।

এরপর তথ্যপ্রযুক্তির সহায়তায় আসামিদের অবস্থান শনাক্ত করে সোমবার (৩১ আগস্ট) দিবাগত রাত আড়াইটার দিকে অভিযান চালায় ডেমরা থানা পুলিশ। প্রথমে ডেমরার সুলতানা কামাল সেতুর ঢাল এলাকা থেকে তাপসকে গ্রেপ্তার করা হয়।

পরে তার দেওয়া তথ্য অনুযায়ী ডেমরা সংলগ্ন নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার তারাব পৌরসভার বরাবো এলাকার একটি বাড়িতে অভিযান চালিয়ে গ্রেপ্তার করা হয় ডেমরা থানা ছাত্রদলের আহ্বায়ক মাসুদ রানাকে।

পরবর্তীতে দুই আসামির দেওয়া তথ্যের ভিত্তিতে ওই বাড়িতে তল্লাশি চালিয়ে একটি শটগান ও আট রাউন্ড কার্তুজ উদ্ধার করা হয়। এছাড়া তাপসের ভাড়া বাসার একটি কক্ষের সানশেড থেকে দুটি পিস্তল, দুটি ম্যাগাজিন এবং পাঁচ রাউন্ড গুলি উদ্ধার করেছে পুলিশ।

ডেমরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মির্জা তাইফুর রহমান জানান, তথ্যপ্রযুক্তির সহায়তায় গুলিবর্ষণের ঘটনায় জড়িত আসামিদের চিহ্নিত করা হয়। পরে ডেমরা ও রূপগঞ্জ এলাকায় পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়েছে।

ডিএমপির ওয়ারী বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তা সূত্রে জানা গেছে, উদ্ধার হওয়া অস্ত্র ও গোলাবারুদের ঘটনায় রূপগঞ্জ থানায় অস্ত্র আইনে পৃথক একটি মামলা করার প্রক্রিয়া চলছে। একই সঙ্গে বিএনপি নেতার বাড়িতে গুলিবর্ষণের ঘটনায় এসব অস্ত্রের কোনো যোগসূত্র রয়েছে কি না, সেটিও তদন্ত করে দেখা হচ্ছে।